গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর- ১৫.৫৩.০০০০.০১৪.১০.১৭৪.১৮-৬৫

তারিখ: ৩রা পৌষ ১৪২৫ বঙ্গাব্দ
১৭/১২/২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ বেতারের সিটিজেন চার্টার হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তথ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ বেতারের সিটিজেন চার্টার হালনাগাদকরণের জন্য সদর দপ্তরের অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল বিভাগসহ বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটকে (অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল) হালনাগাদ তথ্য বিবরণী সংযুক্ত সিটিজেন চার্টার অনুযায়ী আগামী ০১ (এক) কর্মদিবসের মধ্যে হার্ডকপি ও সফটকপি (ই-মেইল : biprodassanyal@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৭/১২/২০১৮

শোভা শাহ্নাজ
উপসচিব
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
আহবায়ক
বাংলাদেশ বেতারের সিটিজেন চার্টার হালনাগাদকরণ
সংক্রান্ত কমিটি

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১) উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪) পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/২×২৫০ কিঃ ও ঃ এইচ এফ প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৬) আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/ বাংলাদেশ বেতার, কাহালু বগুড়া।
৭) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র/সংরক্ষণ শাখা/ জাতীয় বেতার ভবন/ পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯) পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি কার্যক্রম/জনসংখ্যা,স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ ট্রান্সক্রিপশন সার্ভিস/ বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
১০) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা।
১১) আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
১২) স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৩) আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা।
১৪) উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৫) সম্পাদক, বেতার প্রকাশনা, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৬) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৭) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সিটিজেন চার্টার

বাংলাদেশ বেতার

১। সংক্ষিপ্ত পরিচিতি :

দেশের প্রাচীনতম ও বৃহত্তম ইলেকট্রনিক গণমাধ্যম বাংলাদেশ বেতার। ১৯৩৯ সালের ১৬ ডিসেম্বর ঢাকার নাজিমুদ্দিন রোডের একটি দোতলা ভাড়া করা বাড়িতে এর সম্প্রচারের কাজ শুরু হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটিশ উপনিবেশিক শাসনকে সুরক্ষা করতে ঢাকা বেতারের যাত্রা শুরু হলেও এর মাধ্যমে পরবর্তীকালে পূর্ব-বাংলার বাঙালি জনগোষ্ঠীর সংস্কৃতি বিকাশের পথ উন্মুক্ত হয়েছিল। ১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধের সময় এবং স্বাধীনতাত্তোর বাংলাদেশের অগ্রযাত্রায় এ প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ বেতার একটি সরকারী সংস্থা। বাংলাদেশ বেতারের সদর দপ্তরসহ ৫৪টি কেন্দ্র/ইউনিট রয়েছে। বাংলাদেশ বেতারের ১১টি আঞ্চলিক কেন্দ্র, ১টি প্রচার কেন্দ্র (কুমিল্লা) এবং ৬টি ইউনিটের মাধ্যমে প্রতিদিন ২৩৭ ঘন্টা অনুষ্ঠান প্রচার করছে। কেন্দ্রগুলো হচ্ছে : ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট, রাজশাহী, বরিশাল, রংপুর, ঠাকুরগাঁও, কক্সবাজার, রাঙ্গামাটি এবং বান্দরবান। সম্প্রচারের সাথে সরাসরি সম্পৃক্ত ইউনিটগুলো হল : বাণিজ্যিক কার্যক্রম, বহির্বিশ্ব কার্যক্রম, কৃষি বিষয়ক কার্যক্রম, জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল, ট্রান্সক্রিপশন সার্ভিস এবং ট্রাফিক সম্প্রচার কার্যক্রম। এ সকল কেন্দ্র/ইউনিট ৭১টি স্টুডিও, ১৫টি মিডিয়ামওয়েভ, ২টি শর্টওয়েভ ও ১০টি এফ এম ট্রান্সমিটারের মাধ্যমে অনুষ্ঠান প্রচার করে থাকে। এছাড়াও কেন্দ্রীয় বার্তা সংস্থা ও ৯টি আঞ্চলিক কেন্দ্র থেকে দৈনিক ৬০টি সংবাদ বুলেটিন প্রচার করা হয়।

২। বাংলাদেশ বেতারের কার্যক্রমের লক্ষ্য :

- শ্রোতাদের বস্তুনিষ্ঠ তথ্য প্রদানে জনগণের জীবনমান উন্নীতকরণের জন্য শিক্ষা দান এবং নিজস্ব ঐতিহ্যের ধারাবাহিকতায় সংস্কৃতি চর্চার মাধ্যমে বিনোদন দেয়া;
- সরকারের নীতি, কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে শ্রোতাদের অবহিত করা ও জাতীয় উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করতে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে তাঁদের এতে সম্পৃক্ত করা;

- নৈতিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ উন্নত করা এবং দায়িত্ববোধ সম্পর্কে সচেতন করার মাধ্যমে জনসাধারণের আচরণের ইতিবাচক পরিবর্তন সাধন করা;
- জাতীয় জনগুরুত্বপূর্ণ সকল বিষয়ে প্রচারাভিযান পরিচালনা করা;
- জনগণের মতামত ও চিন্তা ভাবনা অনুষ্ঠানের মাধ্যমে তুলে ধরে সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধন রচনা করা।

৩। **বাংলাদেশ বেতারের সেবাগ্রহীতা :**

- শিক্ষিত-নিরক্ষর নির্বিশেষে সকল বয়সের, পেশার ও শ্রেণীর শ্রোতাগোষ্ঠী;
- বেতার অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পী, কলা-কুশলী, বুদ্ধিজীবী, শিক্ষক, সাংবাদিক, বৈজ্ঞানিক, চিকিৎসক, ধর্মীয় নেতা, পেশাজীবীসহ যারা বিভিন্নভাবে বেতার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন ও করতে চান;
- সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, আন্তর্জাতিক সংস্থাসমূহ, বেসরকারী প্রতিষ্ঠান, ক্রীড়া সংস্থা, সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠনসমূহ;
- বিভিন্ন পণ্যের উৎপাদক, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, ব্যবসায়ীগণ এবং তাঁদের এজেন্ট, যাঁরা সার্ভিস ও পণ্যের বিজ্ঞাপন প্রদান করে থাকেন বা করতে চান;
- ব্যবসায়ী যাঁরা বেতারের সকল প্রকার যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য দ্রব্যাদি সরবরাহ করে থাকেন।

৪। **যে সকল বিষয় শ্রোতারা বেতারে শুনতে পান (প্রচার কার্যক্রমের ক্ষেত্রসমূহ) :**

বাংলাদেশ বেতার জনস্বার্থে সারা বছর প্রতিটি দিনে এর প্রচার কার্যক্রমে নিম্নবর্ণিত বিষয়গুলো প্রাধান্য দিয়ে থাকে :

(ক) সংবাদ, সংবাদ পরিক্রমা, সংবাদ পর্যালোচনা	(খ) জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার ভাষণ, গুরুত্বপূর্ণ জাতীয় অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

বাংলাদেশ বেতারের প্রকৌশল শাখার দাপ্তরিক টেলিফোন নম্বর :
আঞ্চলিক কেন্দ্রসমূহ :

সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা	৮১২১৯১৩
আঞ্চলিক প্রকৌশলী, শাহবাগ, ঢাকা	৮৬২৬৫৩০
আঞ্চলিক প্রকৌশলী, চট্টগ্রাম	০৩১-৭১২৩৬২
আঞ্চলিক প্রকৌশলী, রাজশাহী	০৭২১-৭৭২১৫১
আঞ্চলিক প্রকৌশলী, খুলনা	০৪১-৭৬২৩৩০
আঞ্চলিক প্রকৌশলী, সিলেট	০৮২১-৭১৬৫১৫
আঞ্চলিক প্রকৌশলী, রংপুর	০৫২১-৬২২৭১
আঞ্চলিক প্রকৌশলী, কক্সবাজার	০৩৪১-৬৪৭৯০
আঞ্চলিক প্রকৌশলী, বরিশাল	০৪৩১-৭১২২৫
আঞ্চলিক প্রকৌশলী, ঠাকুরগাঁও	০৫৬১-৫৩৪৯৬
আঞ্চলিক প্রকৌশলী, রাঙ্গামাটি	০৩৫১-৬২২৫৪
আঞ্চলিক প্রকৌশলী, বান্দরবান	০৩৬১/৬২৬১২

বাঃসঃমুঃ-২০০৭/০৮-৪৩৯১কম-ডি—৬,০০০ বই, ২০০৮।

এছাড়া বাংলাদেশ বেতারের সদর দপ্তরের গুরুত্বপূর্ণ দাপ্তরিক টেলিফোন নম্বরসমূহ নিম্নরূপ :

পরিচালক (অনুষ্ঠান)	৮৬১৩৯৪৯
পরিচালক (লিয়াজোঁ)	৮৬২৩৪৯০
পরিচালক, শিক্ষা	৮৬১৬৭০০
পরিচালক, সংগীত	৯৬৭২১৪৮
পরিচালক , বহির্বিশ্ব	৮৬১৮১১৯
পরিচালক, বাণিজ্যিক	৮৬১০৫৯৪
পরিচালক, ট্রান্সক্রিপশন	৮৬১৫৫৩৫
পরিচালক, কৃষি	৯১২৯৭৬৫
পরিচালক, জনসংখ্যা	৯১৩১৬৩২
পরিচালক, বার্তা	৮১১৫০৩৬, ৮১১৩৩৫৮
পরিচালক, মনিটরিং	৯১১০১০৭
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)	৮৬২৬২৯৬
সম্পাদক, বেতার প্রকাশনা দপ্তর	৮১২৬৫১০
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)	৮৬১০৭৫০
উপ-পরিচালক (সংস্থাপন-১)	৯৬৭২৮২৬
নিরাপত্তা অফিসার	৯৬৭৫৫১৭
অভ্যর্থনা	৯৬৭৫৩৩৪

বাংলাদেশ বেতারের ১১টি আঞ্চলিক কেন্দ্রের টেলিফোন নম্বর :

আঞ্চলিক পরিচালক, ঢাকা	৯১১৭২০৪, ৯১১৭২০৬
আঞ্চলিক পরিচালক, চট্টগ্রাম	০৩১-৭১২৩৬১
আঞ্চলিক পরিচালক, রাজশাহী	০৭২১-৭৭৫৯৪০
আঞ্চলিক পরিচালক, খুলনা	০৪১-৭৬১৭৭৪
আঞ্চলিক পরিচালক, সিলেট	৮২১-৭১২৮৫৯
আঞ্চলিক পরিচালক, রংপুর	০৫২১-৬৩২০৫
আঞ্চলিক পরিচালক, কক্সবাজার	০৩৪১-৬৪৭৯০
আঞ্চলিক পরিচালক, বরিশাল	০৪৩১-৭১২০২
আঞ্চলিক পরিচালক, ঠাকুরগাঁও	০৫৬১-৫২০৩৭
আঞ্চলিক পরিচালক, রাঙ্গামাটি	০৩৫১-৬১৯৬৩
আঞ্চলিক পরিচালক, বান্দরবান	০৩৬১-৬২৬১১

(গ) কৃষি, বৃক্ষরোপণ ও পরিবেশ সংরক্ষণ, মৎস্য ও পশু সম্পদ সংরক্ষণ, বার্ড ফ্লু প্রতিরোধ।	(ঘ) মা ও শিশু স্বাস্থ্য এবং পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, প্রজনন স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, এইচ আই ভি/এইডস্ প্রতিরোধ, দারিদ্র্য বিমোচন কর্মসূচি, স্যানিটেশন।
(ঙ) সুশাসন, দুর্নীতি দমন ও প্রতিরোধ, ভেজাল প্রতিরোধ, ধর্মীয় মূল্যবোধ, সংস্কার ও উন্নয়ন, মানব সম্পদের সদ্ব্যবহার, বিদ্যুৎ-পানি ও গ্যাসের অপচয়রোধ, নির্বাচনে অংশগ্রহণের জন্য জনগণকে সচেতন করা।	(চ) আর্থ-সামাজিক বিষয়সমূহ, ব্যবসা-বাণিজ্য, কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান, ক্ষুদ্র ও মাঝারী শিল্পোদ্যোগ, আয় বর্ধনমূলক কর্মকান্ড, সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড প্রচার।
(ছ) যুব উন্নয়ন, খেলাধুলা, সাংস্কৃতিক বিষয়সমূহ, প্রতিবন্ধী কল্যাণ, প্রবীণদের কল্যাণ।	(জ) দুর্যোগ ব্যবস্থাপনা, আবহাওয়া বার্তা, বিশেষ আবহাওয়া বার্তা, দুর্যোগপূর্ব সতর্কীকরণ ও প্রস্তুতি এবং করণীয়।*
(ঝ) শিক্ষা, গণশিক্ষা, নারীশিক্ষা, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা।	(ঞ) শিশু ও নারী উন্নয়ন এবং অধিকার, নারীর ক্ষমতায়ন, নারী ও শিশু পাচাররোধ, হারানো বিজ্ঞপ্তি, পারিবারিক মূল্যবোধ, বাল্য বিবাহ রোধ, যৌতুক প্রতিরোধ।

*বন্যা, ঘূর্ণিঝড় এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশ বেতার উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। এ জন্য প্রতি ঘন্টার সংবাদে আবহাওয়ার সর্বশেষ সংবাদ প্রচার করে। প্রতিদিন ৪ বার আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। এছাড়াও কৃষি বিষয়ক অনুষ্ঠানে কৃষক ভাইদের জন্য বিশেষ আবহাওয়া বার্তা প্রচার করা হয়। ১নং বিপদ সংকেত এ সাধারণ আবহাওয়া বার্তা দিনে ৫ বার, ২নং ও ৩নং বিপদ সংকেতে আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি, ৩নং নৌ বিপদ সংকেতের ক্ষেত্রে আধা ঘন্টা পর পর এবং মহাবিপদ সংকেতের ক্ষেত্রে ১৫ মিনিট পর পর এবং আঘাত হানলে ৫ মিনিট পর পর আবহাওয়ার বিশেষ বুলেটিন প্রচার করা হয়। এ অবস্থায় আবহাওয়ার বুলেটিন প্রচারের পাশাপাশি সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে করণীয় সম্পর্কে দুর্গত মানুষদের সতর্ক করা হয়।

এ ছাড়াও প্রাকৃতিক দুর্যোগ পূর্বপ্রস্তুতি, সাবধানতা ও পরবর্তীতে করণীয় এবং দুর্যোগ পরবর্তী পুনর্বসন বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হয়। এক্ষেত্রে অবকাঠামো পুনঃনির্মাণ, স্বাস্থ্য সচেতনতা এবং কৃষি পুনর্বাসনকে অধিক গুরুত্ব প্রদান করা হয়।

৫। শ্রোতারা বেতার অনুষ্ঠানগুলি কী কী আঙ্গিকে শুনতে পান :

সংবাদ বুলেটিন, নিউজরীল, কথিকা, আলোচনা, কথোপকথন, সাক্ষাৎকার, প্রামাণ্য প্রতিবেদন, ধারাভাষ্য, সরাসরি সম্প্রচার, গান, গীতিনকশা, গীতি আলেখ্য, নাটক, যাত্রা, স্পট ড্রামা, শ্লোগান, স্বাস্থ্যতথ্য, জিঙ্গেল, রেডিও ফিচার, ফোন-ইন-প্রোগ্রাম, জনগুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি/ঘোষণা, রেডিও কমেডি, ম্যাগাজিন অনুষ্ঠান, সংগীতালেখ্য, উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক গান, চিঠিপত্রের উত্তর।

৬। প্রচার কার্যক্রমের ভাষা :

বাংলাদেশের শ্রোতাদের জন্য বাংলা ও ইংরেজী ভাষায় অনুষ্ঠান প্রচার হয়। বহির্বিশ্ব কার্যক্রম থেকে বাংলা, ইংরেজী, উর্দু, হিন্দী, আরবী ও নেপালী ভাষায় প্রতিদিন অনুষ্ঠান পরিবেশিত হয়।

৭। সংবাদ প্রচারের মাধ্যমে সেবা প্রদান :

কেন্দ্রীয় বার্তা সংস্থা ও সকল আঞ্চলিক কেন্দ্র থেকে মোট ৬০টি বুলেটিন প্রতিদিন প্রচারিত হয়। সকল আঞ্চলিক কেন্দ্র স্থানীয় সংবাদ পরিবেশন করে থাকে। বাংলাদেশ বেতার থেকে দৈনিক প্রচারিত সংবাদ বুলেটিনের মধ্যে রয়েছে ৩৩টি প্রতিঘন্টার সংবাদ, ঢাকায় ট্রাফিক চ্যানেলে (৯৭.৬ এফ এম) প্রতি আধ ঘন্টা পর পর ১৫টি সংবাদ শিরোনাম, ১টি ক্রীড়া সংবাদ, ১টি বাণিজ্য সংবাদ, ৭টি ইংরেজী সংবাদ এবং পার্বত্য চট্টগ্রামের স্থানীয় ৩টি প্রধান উপজাতীয় জনগোষ্ঠীর জন্য ৩টি সংবাদ বুলেটিন প্রচারিত হয়। চট্টগ্রাম কেন্দ্র থেকে প্রতিদিন ৫ মিনিট স্থিতির চাকমা, মারমা ও ত্রিপুরা ভাষায় এই সংবাদগুলি প্রচার করা হয় এবং তা বান্দরবান, রাঙ্গামাটি ও কক্সবাজার কেন্দ্র থেকে রীলে করা হয়। ঢাকা কেন্দ্র থেকে প্রতিদিন রাত ১০ টায় জাতীয়ভাবে ২ মিনিটের সংবাদ শিরোনাম প্রচার করা হয়। বহির্বিশ্ব কার্যক্রমের প্রতিটি অধিবেশনে সংশ্লিষ্ট সকল ভাষায় বুলেটিন প্রচারিত হয়। এ ছাড়া বাংলাদেশ বেতারের ওয়েবসাইটে সকাল ৭ টার বাংলা এবং সকাল ৮ টার ইংরেজী সংবাদের টেক্সট ভার্সন প্রতিদিন আপডেট করা হয়।

১৪। বাংলাদেশ বেতারের ওয়েবসাইট :

বাংলাদেশ বেতারের নিজস্ব একটি ওয়েবসাইট আছে যা সরকারের কেন্দ্রীয় ওয়েবসাইটের সাথে (তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে) সংযুক্ত। এটির address হল www.betar.org.bd। এই ওয়েবসাইটে বেতারের ইতিহাস, ঐতিহ্য এবং স্বাধীনতাযুদ্ধে তার গৌরবোজ্জ্বল ভূমিকার কথা এবং প্রচার কার্যক্রমের বিবরণী রয়েছে। বেতারের সাথে যোগাযোগ, বেতারের বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ডিজিটাল ফরমেটে বিভিন্ন আবেদন ফরমসহ বিজ্ঞাপনের জন্য যাবতীয় তথ্যাদিও এই সাইটে সন্নিবেশিত আছে।

এছাড়া বেতারের কভারেজ নেটওয়ার্ক, আন্তর্জাতিক কোন কোন সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে বেতার কার্যক্রম চালিয়ে যাচ্ছে তার প্রাত্যহিক সকাল ৭টার বাংলা ও ৮ টার ইংরেজী সংবাদের text ফরমেটও এতে দেয়া হয়। উল্লেখ্য বেতারের বিভিন্ন দরপত্র বিজ্ঞপ্তিও এই ওয়েবসাইটে পাওয়া যায়।

১৫। অভিযোগ :

বর্ণিত সেবাসমূহ যথাসময়ে যথোপযুক্তভাবে না পাওয়া গেলে অথবা সময়মত কোন অনুষ্ঠান শোনা না গেলে বা অনুষ্ঠানের বিষয়বস্তু প্রকরণ ও কারিগরী বিষয় সম্পর্কে বাংলাদেশ বেতারের নিম্নোক্ত দাপ্তরিক ই-মেইল/টেলিফোন এবং পত্র মারফত অভিযোগ গৃহীত হবে। শুধুমাত্র ই-মেইল ও পত্র মারফত প্রাপ্ত অভিযোগ সম্পর্কে অনধিক ১০ দিনের মধ্যে লিখিত উত্তর প্রদান করা হয়।

মহাপরিচালক	৮৬১৫২৯৪
dgbetar@bd.drik.net	৮৬১২০২১ ফ্যাক্স
উপ-মহাপরিচালক (অনুষ্ঠান)	৮৬১৪৯৪১
উপ-মহাপরিচালক (বার্তা)	৮৬১৪৯৪৩
প্রধান প্রকৌশলী	৮১১৮৭৩৪
পরিচালক (প্রশাসন ও অর্থ)	৮৬১৬২৫৪

১৩। বাংলাদেশ বেতারে নির্ধারিত মূল্যের বিনিময়ে বিজ্ঞাপন প্রচার করতে করণীয় :

- বেতারের বাণিজ্যিক কার্যক্রমে সরাসরি অথবা তালিকাভুক্ত বিজ্ঞাপনী সংস্থার মাধ্যমে চুক্তিবদ্ধ হতে হয়।
- বিজ্ঞাপনের বক্তব্য মন্ত্রণালয়ের অনুমোদিত নীতিমালা অনুযায়ী বেতার কর্তৃক অনুমোদিত হতে হয়।
- বিজ্ঞাপন প্রচারে নির্ধারিত মূল্য অগ্রিম প্রদান করতে হয়। বিজ্ঞাপন প্রচারের হার সরকার কর্তৃক পুনঃনির্ধারণ করা হয়ে থাকে।
- বাংলাদেশ বেতার ঢাকাসহ সকল আঞ্চলিক কেন্দ্রে বিজ্ঞাপন প্রচার করতে হলে বাণিজ্যিক কার্যক্রম, ১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় যোগাযোগ করতে হয়।
- আঞ্চলিক কেন্দ্রের বিজ্ঞাপন প্রচারের জন্য সংশ্লিষ্ট কেন্দ্রের আঞ্চলিক পরিচালক-এর সাথে যোগাযোগ করতে হয়।
- বিজ্ঞাপনে উৎপাদন খরচ ও বিজ্ঞাপনে প্রচারের জন্য পৃথকভাবে নির্ধারিত আছে।
- বাংলাদেশ বেতারের সংবাদসহ সকল অনুষ্ঠানে এ বিজ্ঞাপন প্রচার করার সুযোগ আছে।
- স্পন্সর প্রাপ্তি সাপেক্ষে বাংলাদেশ বেতারে যে কোন খেলার ধারা-বিবরণী সরাসরি সম্প্রচার করা যায়।

বিস্তারিত জানতে নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে :

বিজনেস ম্যানেজার

বাণিজ্যিক কার্যক্রম

বাংলাদেশ বেতার

১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ

ঢাকা-১০০০।

ফোন : ৯৬৭৫৩২৬, ৮৬১০৫৯৪,

সেল : ০১৫৫২-৩২৪১৭৭।

স্থানীয় সংবাদ, ক্রীড়া সংবাদ ও বাণিজ্য সংবাদ ব্যতীত সকল বুলেটিনে গুরুত্বপূর্ণ এবং উল্লেখযোগ্য জাতীয়, আন্তর্জাতিক ক্রীড়া ও আবহওয়ার খবর বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষভাবে প্রচারিত হয়। এ ছাড়া আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে সপ্তাহে একবার প্রতি সোমবার বাংলা ও ইংরেজীতে ১৫ মিনিটব্যাপী সার্ক বুলেটিন প্রচার করা হয়।

৮। **অনুষ্ঠান প্রচারের মাধ্যমে সেবা প্রদান :**

(ক) **কৃষি বিষয়ক অনুষ্ঠান :**

- কৃষকদের চাষাবাদের মৌসুমে বিভিন্ন সমস্যা ও করণীয় বিষয়ে আলোকপাত করা হয়।
- কৃষি বিষয়ক সর্বাধুনিক প্রযুক্তি কৃষকদের অবহিত করা হয়।
- সার, বীজ, কীটনাশকসহ কৃষি উপকরণ ও যন্ত্রপাতি কোথায় পাওয়া যায় তা জানানো হয়।
- কৃষি ঋণ পাওয়ার উপায় জানানো হয়।

বিভিন্ন শস্য, ফুল, ফল, শাক-সবজি চাষাবাদ ও মৎস্য ও পশু সম্পদ পরিচর্যা বিষয়ে পরামর্শ দেয়া হয়। উৎপাদিত কৃষি পণ্য সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ সম্পর্কে অবহিত করা হয়।

(খ) **জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক অনুষ্ঠান :**

- জনসংখ্যা সমস্যা সম্পর্কে জনগণকে সচেতন করা এবং সমস্যা সমাধানে উদ্বুদ্ধ করা।
- স্বাস্থ্য বিষয়ক সমস্যা ও করণীয়, বিভিন্ন রোগের কারণ, প্রতিরোধ, প্রতিকার।
- স্বাস্থ্য সম্পর্কিত সচেতনতা, স্যানিটেশন, নিরাপদ পানি ব্যবহার, টিকা দান, নিরাপদ মাতৃত্ব, শিশুদের মাতৃদুগ্ধ পান করানোর জন্য মায়েদের উৎসাহিতকরণসহ বিভিন্ন বিষয়ে শ্রোতাদের উদ্বুদ্ধ করা।

(গ) **শিশুদের জন্য অনুষ্ঠান :**

- শিশুদের মুক্ত প্রতিভা বিকাশের জন্য এবং শিশুদের অংশগ্রহণ বিভিন্ন কেন্দ্র থেকে অনুষ্ঠান প্রচার করা।
- শিশু অধিকার সম্পর্কে শ্রোতাদের সচেতন করা।

শিশুদের অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অনুষ্ঠানের নাম ও সময়সূচী :

ঢাকা-ক	:	কল-কাকলী	সকাল ৯-০৫ মিঃ (প্রতি শুক্রবার)
চট্টগ্রাম	:	শিশুকিশোর মেলা	সকাল ৯-১৫ মিঃ (প্রতি শুক্রবার)
রাজশাহী	:	শিশু মেলা	সকাল ৯-০৫ মিঃ (প্রতি শুক্রবার)
খুলনা	:	কল্লোল	সকাল ৯-১৫ মিঃ (প্রতি শুক্রবার)
রংপুর	:	সবুজ মেলা	সকাল ৯-৩০ মিঃ (প্রতি শুক্রবার)
সিলেট	:	কিশলয়	সকাল ৯-১৫ মিঃ (প্রতি শুক্রবার)
বরিশাল	:	কচিকাঁচা	বেলা ১১-১৫ মিঃ (প্রতি শুক্রবার)
রাঙ্গামাটি	:	আগামী	বেলা ০২-৪৫ মিঃ (প্রতি মাসের তৃতীয় বৃহস্পতিবার)
কক্সবাজার	:	শিশু মেলা	বিকাল ৪-০৫ মিঃ (প্রতি মাসের পঞ্চম শুক্রবার)

(ঘ) **মহিলাদের জন্য অনুষ্ঠান :**

- মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করে বিভিন্ন কেন্দ্র থেকে অনুষ্ঠান প্রচার করা।
- নারীর ক্ষমতায়নে প্রতিবন্ধকতাসমূহ দূর করার উপায় নিয়ে আলোচনা।
- জাতীয় উন্নয়নের মূলধারায় নারীর অংশগ্রহণের সুযোগ বৃদ্ধির উপায় জানানো।
- নারী শিক্ষা, নারীর প্রতি সহিংসতা অবসান, পরিবারে ও সমাজে নারী-পুরুষের বৈষম্য হ্রাসের লক্ষ্যে উদ্বুদ্ধ করা।

মহিলাদের অনুষ্ঠানের নাম ও সময়সূচী :

ঢাকা-ক	:	বহ্নিশিখা	বেলা ২-৩৫ মিঃ (শুক্রবার ব্যতীত প্রতিদিন)
		অঙ্গনা	বেলা ২-৩৫ মিঃ (প্রতি শুক্রবার)
চট্টগ্রাম	:	অনন্যা	বেলা ২-৩০ মিঃ (প্রতি মঙ্গলবার)
		গাঁয়ের বধূ	সন্ধ্যে ৬-১০ মিঃ (প্রতি সোমবার)
রাজশাহী	:	মহিলা জগৎ	বেলা ২-৩০ মিঃ (প্রতি রবিবার)
		সবুজ বাংলা	সন্ধ্যে ৬-০৫ মিঃ (প্রতি মঙ্গলবার)
খুলনা	:	ঘরোয়া	বেলা ৩-০৫ মিঃ (প্রতি রবিবার)
রংপুর	:	মহিলা অঙ্গন	বেলা ৩-৩০ মিঃ (প্রতি বুধবার)
সিলেট	:	ঘরোয়া	বিকেল ৪-০৫ মিঃ (প্রতি শনিবার)
		কিষাণী	সন্ধ্যে ৬-০৫ মিঃ (প্রতি শুক্রবার)

(খ) **এফ এম ট্রান্সমিটার :**

ক্রমিক নং	কেন্দ্র/ অনুষ্ঠানের নাম	প্রচার সময়	প্রচার শক্তি (কিলোওয়াট)	ফ্রিকোয়েন্সী (মেগাহার্জ)
১	সমাহার	বেলা ১-৩ টা	৩ কিঃওঃ	১০০ মেঃহাঃ
২	বিশ্ব সংগীত	বেলা ৩-৪ টা	ঐ	ঐ
৩	বাংলাদেশ বেতার, ঢাকা	সকাল ৬-১০ টা, সন্ধ্যে ৭ টা, রাত ১১.১০	৫ কিঃওঃ	১০৩.২ মেঃহাঃ
৪	ট্রাফিক সম্প্রচার	সকাল ৮-১২ টা, বেলা ৩.৩০ থেকে সন্ধ্যে ৭.৩০	৫ কিঃ ওঃ	৯৭.৬ মেঃহাঃ
৫	চট্টগ্রাম	সকাল ৬-১০ টা সন্ধ্যে ৭.০০ থেকে রাত ১১.১০	২ কিঃ ওঃ	১০৫.৪ মেঃ হাঃ
৬	খুলনা	সকাল ৬-১০ টা সন্ধ্যে ৭.০০ থেকে রাত ১১.১০	১ কিঃ ওঃ	১০২ মেঃ হাঃ
৭	সিলেট	সকাল ৬-১০ টা সন্ধ্যে ৭.০০ থেকে রাত ১১.১০	১ কিঃ ওঃ	১০৫ মেঃ হাঃ
৮	রাজশাহী	সকাল ৬-১০ টা সন্ধ্যে ৭.০০ থেকে রাত ১১.১০	৫ কিঃ ওঃ	১০৪ মেঃ হাঃ
৯	রাজশাহী	সকাল ৬-১০ টা সন্ধ্যে ৭.০০ থেকে রাত ১১.১০	১ কিঃ ওঃ	১০৫ মেঃ হাঃ
১০	রংপুর	সকাল ৬-১০ টা সন্ধ্যে ৭.০০ থেকে রাত ১১.১০	১ কিঃ ওঃ	১০৫.৪ মেঃ হাঃ
১১	কুমিল্লা	সন্ধ্যে ৬.০০ থেকে রাত ১১.১০	২ কিঃ ওঃ	১০১.২ মেঃ হাঃ

(গ) **শর্টওয়েভ :** ৬৩.১৬ মিটার / ৪১.৭৫ মিটার।

১১। চাকরি পেতে হলে :

বাংলাদেশ বেতার একটি সরকারী প্রতিষ্ঠান। এতে মোট ২৭২৫টি অনুমোদিত পদ রয়েছে। এর মধ্যে ৬৫৩টি ১ম শ্রেণী, ১০২টি ২য় শ্রেণী, ৯৪৮টি ৩য় শ্রেণী এবং ১০২২ টি ৪র্থ শ্রেণীর পদ রয়েছে। প্রথম শ্রেণীর পদসমূহ বিসিএস ক্যাডারভুক্ত, বিসিএস পরীক্ষার মাধ্যমে এ সকল পদে প্রার্থীদের নির্বাচিত করা হয়। ২য় শ্রেণীর পদে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হয় এবং ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদে সরকারের অনুমতিক্রমে বিধি-বিধান মোতাবেক পত্রিকা এবং প্রচার মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করে নির্বাচনী পরীক্ষার মাধ্যমে লোক নিয়োগ করা হয়ে থাকে।

১২। কভারেজ এরিয়া :

ঢাকা-ক সারাদেশের ৯০ শতাংশ এলাকা এবং প্রতিবেশী দেশগুলি থেকেও শোনা যায়। এ ছাড়া ঢাকা-খ ও খুলনার অনুষ্ঠান দেশের অধিকাংশ স্থান থেকে শ্রোতারা শুনতে পারেন। এফ এম ট্রান্সমিটারের অনুষ্ঠান ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, কুমিল্লা ও রংপুর শহর ও শহরতলী এলাকার শ্রোতারা শুনতে পান।

এক নজরে বেতারের বিভিন্ন কেন্দ্রের প্রচার শক্তি ও ফ্রিকোয়েন্সী নিম্নরূপ :

(ক) মিডিয়াম ওয়েভ :

ক্রমিক নং	কেন্দ্রের নাম	প্রচার শক্তি (কিলোওয়াট)	ফ্রিকোয়েন্সী (কিলোহার্জ)
১	বাংলাদেশ বেতার, ঢাকা-ক	১০০০ কিঃওঃ	৬৯৩ কিঃহাঃ
২	বাংলাদেশ বেতার, ঢাকা-খ	১০০ কিঃওঃ	৬৩০ কিঃহাঃ
৩	বাংলাদেশ বেতার, ঢাকা-গ	১০ কিঃওঃ	১১৭০ কিঃহাঃ
৪	বাংলাদেশ বেতার, চট্টগ্রাম	১০০ কিঃওঃ	৮৭৩ কিঃহাঃ
৫	বাংলাদেশ বেতার, খুলনা	১০০ কিঃওঃ	৫৫৮ কিঃহাঃ
৬	বাংলাদেশ বেতার, রাজশাহী	১০০ কিঃওঃ	৮৪৬ কিঃহাঃ
৭	বাংলাদেশ বেতার, রাজশাহী	১০ কিঃওঃ	১০৮০ কিঃহাঃ
৮	বাংলাদেশ বেতার, রংপুর	১০ কিঃওঃ	১০৫৩ কিঃহাঃ
৯	বাংলাদেশ বেতার, সিলেট	২০ কিঃওঃ	৯৬৩ কিঃহাঃ
১০	বাংলাদেশ বেতার, বরিশাল	১০ কিঃওঃ	১২৮৭ কিঃহাঃ
১১	বাংলাদেশ বেতার, রাঙ্গামাটি	১০ কিঃওঃ	১১৬১ কিঃহাঃ
১২	বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও	১০ কিঃওঃ	৯৯৯ কিঃহাঃ
১৩	বাংলাদেশ বেতার, কক্সবাজার	১০ কিঃওঃ	১৩১৪ কিঃহাঃ
১৪	বাংলাদেশ বেতার, বান্দরবান	১০ কিঃওঃ	১৪৩১ কিঃহাঃ
১৫	বাংলাদেশ বেতার, কুমিল্লা প্রেরণ কেন্দ্র	১০ কিঃওঃ	১৪১৩ কিঃহাঃ

বরিশাল	: মহিলা মহল	বেলা ৩-০৫ মিঃ (মাসের ২য় ও ৪র্থ রবিবার)
ঠাকুরগাঁও	: নারী দিগন্ত	বেলা ৪-৩০ মিঃ (মাসের ১ম ও ৩য় মঙ্গলবার)
রাঙ্গামাটি	: সুরভী	বেলা ২-৪৫ মিঃ (প্রতি মাসের ১ম বৃহস্পতিবার)
কক্সবাজার	: নারী মহল	বিকেল ৪-০৫ মিঃ (মাসের ২য় ও ৪র্থ মঙ্গলবার)
কৃষি বিষয়ক কার্যক্রম, ঢাকা	: কিষাণ বধূ	সকাল ৬-০৫ মিঃ (প্রতি শুক্রবার)
	গৃহিণী	সকাল ৭-০৫ মিঃ (মাসের ১ম বুধবার)

(ঙ) **যুবগোষ্ঠীর জন্য অনুষ্ঠান :**

- যুবকদেরকে বিভিন্ন উন্নয়নমূলক কাজে উদ্বুদ্ধ করা।
- যুবকদের বিভিন্ন প্রতিভার বিকাশের সুযোগ করে দেয়া।
- বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের বিষয়ে পরামর্শ দেয়া।

যুব সমাজের জন্য অনুষ্ঠানের নাম ও সময়সূচী :

ঢাকা-খ	: যুব তরঙ্গ	রাত ৮-০০ মিঃ (বুধ, বৃহস্পতি ও শনিবার)
	ইয়ুথ ফোরাম	রাত ৮-০০ মিঃ (মাসের ১ম শনিবার)
চট্টগ্রাম	: নব চেতনা	বেলা ২-৩০মিঃ (প্রতি বুধবার)
রাজশাহী	: নবারুণ	বেলা ২-৩০ মিঃ (প্রতি শনি ও মঙ্গলবার)
খুলনা	: নবীন ভুবন	বেলা ৩-০৫ মিঃ (প্রতি সোমবার)
রংপুর	: তরুণ কণ্ঠ	বেলা ৩-৩০ মিঃ (প্রতি রবিবার)
সিলেট	: নব কল্লোল	বেলা ৩-০৫ মিঃ (প্রতি মঙ্গলবার)
বরিশাল	: তারুণ্য	বেলা ৩-৩০ মিঃ (মাসের ১ম, ৩য় ও ৫ম সোমবার)
ঠাকুরগাঁও	: তারুণ্য	বেলা ৪-৩০ মিঃ (মাসের ২য় ও ৪র্থ মঙ্গলবার)
রাঙ্গামাটি	: অগ্রপথিক	বেলা ২-৪৫ মিঃ (প্রতি মাসের ২য় বৃহস্পতিবার)
কক্সবাজার	: যুবকণ্ঠ	বিকাল ৪-০৫ মিঃ (মাসের ২য় ও ৪র্থ মঙ্গলবার)

(চ) উপজাতীয়দের জন্য অনুষ্ঠান :

বাংলাদেশ বেতারের নিম্নবর্ণিত কেন্দ্রগুলো থেকে উপজাতীয় ভাষায় সংশ্লিষ্ট নৃ-গোষ্ঠীর শিল্পীদের অংশগ্রহণে বিভিন্ন অনুষ্ঠান প্রচার করা হয় :

ঢাকা-ক	: সাল-গীত্তাল (গারো)	বিকেল ৫-১০ মিঃ থেকে ৫-৪৫ মিঃ (প্রতি শুক্রবার)
চট্টগ্রাম	: পাহাড়িকা	বিকেল ৪-০৫ মিঃ হতে ৫-০০ (প্রতিদিন) (চাকমা, মারমা ও ত্রিপুরা ভাষায়)
রাজশাহী	: মাদল (সাঁওতাল)	বেলা ২-৩০ মিঃ থেকে ৩-০০ টা (প্রতি বুধবার)
রংপুর	: মহুয়া (সাঁওতাল)	বিকেল ৩-৩০ মিঃ হতে ৪-০০ টা (প্রতি মঙ্গলবার)
সিলেট	: মৃদংগ (মনিপুরী)	বিকেল ৩-০৫ মিঃ থেকে ৩-৩০ মিঃ (প্রতি রোববার)
রাঙ্গামাটি	: গিরিসুর (চাকমা)	বিকেল ৩-১৫ মিঃ থেকে ৩-৩৫ মিঃ (প্রতিদিন)
কক্সবাজার	: রাখাইন ও মারমা গান	বিকেল ৩-১০ মিঃ থেকে ৪-০০ টা পর্যন্ত (প্রতি বুধবার)
বান্দরবান	: বনকুঁড়ি (চাকমা, মারমা)	বিকেল ৪-০৫ মিঃ থেকে ৪-১৫ মিঃ (মাসের প্রথম রোববার)
ঠাকুরগাঁও	: শাল-পিয়াল (সাঁওতাল)	বিকেল ৪-৩০ মিঃ থেকে (মাসের প্রথম ও তৃতীয় রবিবার)

(ছ) শিক্ষার্থীদের জন্য অনুষ্ঠান :

- স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এসব অনুষ্ঠানে তাদের প্রতিষ্ঠানের মাধ্যমে দলীয়ভাবে অংশগ্রহণ করে। স্কাউট সদস্যগণ দলীয়ভাবে তাদের প্রতিষ্ঠানের মাধ্যমে বেতার অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে। শিক্ষার্থীদের জন্য বিষয়ভিত্তিক শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয় যেখানে শিক্ষক এবং শিক্ষার্থীগণ অংশগ্রহণ করে থাকে।

গান শেখার অনুষ্ঠানের সময়সূচী :

ঢাকা	: সংগীত শিক্ষার আসর	বেলা ১১-০৫ মিঃ (প্রতি শুক্রবার)
চট্টগ্রাম	: স্বরলিপি	সকাল ৮-৩০ মিঃ (প্রতি শুক্রবার)
রাজশাহী	: সংগীত শিক্ষার আসর	সকাল ৮-১৫ মিঃ (প্রতি শনিবার)
খুলনা	: সংগীত শিক্ষার আসর	সকাল ৯-৪০ মিঃ (প্রতি বৃহস্পতিবার)
রংপুর	: সারেগামা	বিকেল ৩-০৫ মিঃ (প্রতি মঙ্গলবার)
সিলেট	: সারেগামা	সকাল ৮-৩০ মিঃ (প্রতি শুক্রবার)

এ অনুষ্ঠান থেকে অনেক শিল্পী পরবর্তীতে কণ্ঠস্বর পরীক্ষার মাধ্যমে বেতারে তালিকাভুক্ত শিল্পী হিসেবে অন্তর্ভুক্ত হয়ে থাকেন।

(জ) সংবাদ প্রদান করতে চাইলে :

সরকারের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ, আধা সরকারী প্রতিষ্ঠানের খবর তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সংবাদ সংস্থা ও অন্যান্য অনুমোদিত সংবাদ সংস্থার মাধ্যমে বাংলাদেশ বেতার গ্রহণ করে থাকে। এ ছাড়া যে কোন প্রেস বিজ্ঞপ্তি সরাসরি কেন্দ্রীয় বার্তা সংস্থার ফ্যাক্স নং ০২-৮১১৩৩৫৯-এ প্রেরণ করা যাবে। এছাড়া দেশব্যাপী বাংলাদেশ বেতারের নগর/জেলা/উপজেলা সংবাদদাতাগণ সংশ্লিষ্ট অঞ্চলের গুরুত্বপূর্ণ খবর নিজেরাই সংগ্রহ করে থাকেন। জনগুরুত্বসম্পন্ন যে কোন খবর প্রচারের জন্য বা মতামত জানানোর জন্য নিম্নেবর্ণিত যে কোন কেন্দ্রে ফোনে শ্রোতারা যোগাযোগ করতে পারেন।

১।	কেন্দ্রীয় বার্তা সংস্থা, ঢাকা	৮১১৫০৭২, ৮১১৫০৭৯
২।	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, চট্টগ্রাম	০৩১-৭১২৭০৯
৩।	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, রাজশাহী	০৭২১-৭৭৫৬৭৬
৪।	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, রংপুর	০৫২১-৬৩০৯৮
৫।	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, সিলেট	০৮২১-৭১৬২১৯
৬।	আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, খুলনা	০৪১-৭৬২৪৪৭

১০। ব্যবসা করতে চাইলে :

বাংলাদেশ বেতার একটি সরকারী প্রতিষ্ঠান। সরকারের প্রচলিত বিধি-বিধান ও আইন অনুযায়ী বাংলাদেশ বেতারের জন্য ক্রয় এবং যন্ত্রপাতি ও সরঞ্জাম সংগ্রহ করা হয়। সংশ্লিষ্ট ব্যবসায়ীগণ এ জন্য দরপত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ বেতারে ও সিপিটিইউ এর ওয়েবসাইট থেকে দেখতে পারেন এবং কোন তথ্য জানতে চাইলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে পারেন।

চিঠিপত্রের জবাবদানের অনুষ্ঠানের নাম ও প্রচার সময় :

ঢাকা-ক	সমীপেষু	রাত ৯-১৫ মিঃ (প্রতি শনিবার)
চট্টগ্রাম	উত্তরলিপি	৯-০৫ মিঃ (প্রতি সোমবার)
রাজশাহী	সুজনেষু	রাত ৮-১০ মিঃ (প্রতি শুক্রবার)
খুলনা	লিপিকা	রাত ৯-১০ মিঃ (প্রতি মঙ্গলবার)
রংপুর	পত্রগুচ্ছ	বেলা ৩-৩০ মিঃ (প্রতি সোমবার)
সিলেট	নিবেদন	৮-১০ মিঃ (প্রতি শুক্রবার)
বরিশাল	পরিচয়	বেলা ২-১০ মিঃ (মাসের প্রথম, তৃতীয় ও পঞ্চম সোমবার)
ঠাকুরগাঁও	পত্রালাপ	সন্ধ্যে ৬-০৫ মিঃ (মাসের দ্বিতীয় ও ৪র্থ রবিবার)
কক্সবাজার	মেলবন্ধন	বেলা ৩-২০ মিঃ (মাসের প্রথম ও তৃতীয় শুক্রবার)

(চ) **শিশুদের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হলে :**

- শিশুকে বেতার অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ করে দিতে চাইলে শিশুকে সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী করে তুলতে হবে।
- তালিকাভুক্ত শিশুশিল্পী হওয়ার জন্য সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবর সাদা কাগজে আবেদন করতে হয়। আবেদনপত্রের সাথে কোন ফি/টাকা জমা দিতে হয় না। তবে আবেদনের সাথে নাগরিকত্ব সনদপত্র, ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (যদি থাকে) জমা দিতে হয়,
- অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত শিশুশিল্পীদের নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয়।
- তালিকাভুক্ত নয় এমন শিশুশিল্পীদের অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য কচি-কাঁচার আসর/ছোট্টমণিদের আসরে অংশগ্রহণের সুযোগ রয়েছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট অনুষ্ঠানের প্রযোজক বরাবর পত্র লিখে অথবা সরাসরি যোগাযোগ করে সুযোগ গ্রহণ করা যেতে পারে।

(ছ) **সংগীত শিক্ষার আসরে অংশগ্রহণ করতে করণীয় :**

শিশু কিশোরদেরকে সংগীত বিষয়ে পারদর্শী করে তোলার জন্য বেতারে সংগীত শিক্ষার আসর রয়েছে। অনুষ্ঠানে সংগীতে বিশেষ পারদর্শী ওস্তাদগণ সংগীতের তালিম দিয়ে থাকেন। অনুষ্ঠানটি সরাসরি বেতারে প্রচার করা হয় এবং এতে শিশুকিশোররা অংশগ্রহণ করতে পারে।

শিক্ষার্থীদের জন্য প্রচারিত অনুষ্ঠানের নাম ও সময়সূচী :

ঢাকা-ক	:	শিক্ষার্থীদের আসর	বিকেল ৫-১০ মিঃ (শুক্র, শনি ও রবিবার ব্যতীত প্রত্যহ)
		ইংলিশ ফর টুডে	বিকেল ৫-৩০ মিঃ (সোম, মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার)
ঢাকা-খ		পড়াশোনা	সন্ধ্যে ৭-৩০ মিঃ (প্রতি শনি ও রবিবার)
চট্টগ্রাম	:	শিক্ষাঙ্গন	বিকেল ৫-১০ মিঃ (শুক্র ও শনিবার ব্যতীত প্রতিদিন)
রাজশাহী	:	নবারুণ	বেলা ২-৩০ মিঃ (প্রতি শনি ও মঙ্গলবার)
বরিশাল	:	এসো শিখি	দুপুর ১২-৩০ মিঃ (শুক্র ও শনিবার ব্যতীত প্রতিদিন)
রাঙ্গামাটি	:	অগ্রপথিক	বেলা ২-৪৫ মিঃ (মাসের ২য় বৃহস্পতিবার)
কক্সবাজার	:	এসো পড়ি	বিকেল ৪-০৫ মিঃ (মাসের ১ম ও ৩য় মঙ্গলবার)

(জ) **সংগীত :**

রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, পল্লীগীতি, দেশের গান, আধুনিক গান, লালন গীতি, উচ্চাংগ সংগীতসহ বিভিন্ন ধরনের সংগীত দিনব্যাপী প্রচারিত হয়। বেতারে সবচেয়ে জনপ্রিয় অনুষ্ঠান গান। শ্রোতাদের পছন্দের গান নিম্নবর্ণিত অনুষ্ঠানগুলিতে প্রচার করা হয় :

ঢাকা-ক	:	নিবেদন	রাত ১০ টা (প্রতি রবিবার)
		আমার প্রিয় গান	রাত ১০ টা (প্রতি বৃহস্পতিবার)
ঢাকা-খ	:	গানের ডালি	সকাল ১০ টা (প্রতিদিন)
		ঝংকার	সকাল ১১ টা (প্রত্যহ শুক্র ও শনিবার ব্যতীত)
		ছায়াছন্দ	সন্ধ্যে ৬-২০ মিঃ (প্রতি শুক্র ও শনিবার)
চট্টগ্রাম	:	প্রিয় গান	রাত ১০ টা (প্রতি সোমবার)
		নন্দিতা	রাত ১০ টা (প্রতি শুক্রবার)

রাজশাহী	: মনময়ূরী	রাত ১০ টা (প্রতি শুক্রবার)
	সুরব্যঞ্জনা	রাত ১০ টা (প্রতি সোমবার)
খুলনা	: নিবেদন	রাত ১০ টা (প্রতি মঙ্গলবার)
	অনুরোধ	রাত ১০ টা (প্রতি শুক্রবার)
রংপুর	: ছায়াছন্দ	রাত ১০ টা (প্রতি বুধবার)
	ধীরে বোলাও গাড়ী	রাত ১০ টা (মাসের প্রথম মঙ্গলবার)
সিলেট	: অনুরাগ	রাত ১০ টা (প্রতি শনিবার)
বরিশাল	: প্রত্যাশা	বেলা ২-৩৫ মিঃ (প্রতি রবিবার)
ঠাকুরগাঁও	: চাওয়া-পাওয়া	বিকেল ৫-২০ মিঃ (প্রতি বুধবার)
	মিতালী	বিকেল ৫-২০ মিঃ (প্রতি শুক্রবার)
রাঙ্গামাটি	: মনের মত গান	বেলা ৩-৩৫ মিঃ (প্রত্যহ, শুক্র ও সোমবার ব্যতীত)
কক্সবাজার	: চাওয়া-পাওয়া	বেলা ৪-০৫ মিঃ (মাসের প্রথম ও তৃতীয় শুক্রবার)
বান্দরবান	: তোমার জন্য গান	বেলা ১-৩০ মিঃ (প্রতি বুধবার)
	চাওয়া-পাওয়া	বেলা ১-৩০ মিঃ (প্রতি সোমবার)

পছন্দের গান শুনতে হলে সংশ্লিষ্ট কেন্দ্রের প্রযোজক বরাবর গানের প্রথম লাইন ও শিল্পীর নাম উল্লেখ করে পত্র/ফ্যাক্স/ই-মেইল প্রেরণ করতে হয়। বিভিন্ন দেশের, বিভিন্ন ভাষার গান দিয়ে বিভিন্ন কেন্দ্র থেকে ওয়ার্ল্ড মিউজিক প্রচার করা হয়।

বিভিন্ন অনুষ্ঠানের প্রয়োজনে পত্র যোগাযোগের ঠিকানা :

(অনুষ্ঠানের নাম)

প্রযোজক

প্রযত্নে : আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ বেতার, ----------(সংশ্লিষ্ট কেন্দ্রের নাম)।

(৬) নাট্যকার :

- নিজের লেখা নাটকের পান্ডুলিপিসহ আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্রের সাথে কোন ফি/টাকা জমা দিতে হয় না। তবে সাদা কাগজে আবেদনের সাথে নাগরিকত্ব সনদপত্র, ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (যদি থাকে) জমা দিতে হয়,
- নাটকের পান্ডুলিপি বেতারে প্রচার উপযোগী বিবেচিত হলে তাঁকে ৬ মাসের মধ্যে নাট্যকার হিসেবে তালিকাভুক্ত করা হয়।
- নাটক প্রচারের সময় ও সংখ্যা শ্রেণী অনুযায়ী নাট্যকারকে রয়্যালটি প্রদান করা হয়।

(৭) কথক/আলোচক :

- শিক্ষক, সাংবাদিক, চিকিৎসক, পেশাজীবীসহ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ হতে হয়,
- উচ্চারণ ও উপস্থাপনা মানসম্মত হতে হয়,
- সংশ্লিষ্ট বিষয়ে বেতারে প্রচার উপযোগী পান্ডুলিপি রচনায় সক্ষম হতে হয়,
- পান্ডুলিপি ও অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয়।
- বেতারের সংশ্লিষ্ট প্রযোজক/পরিচালক সরাসরি কথক/আলোচকদের সাথে যোগাযোগ করে থাকেন,
- কোন বিশেষজ্ঞ বিশেষ কোন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে চাইলে তিনি নিজে সংশ্লিষ্ট কেন্দ্রের আঞ্চলিক পরিচালক/ইউনিট প্রধানের সাথে যোগাযোগ করতে পারেন। পরস্পরের মধ্যে আলোচনাক্রমে সংশ্লিষ্ট ব্যক্তিকে অনুষ্ঠানে অংশগ্রহণ করার সুযোগ দেয়া হয়।

(৮) কোন বিষয় জানতে চাইলে :

কোন অনুষ্ঠানের বিষয়বস্তু, উপস্থাপনার মান, আঙ্গিক/কারিগরী মানসহ যে কোন বিষয়ে শ্রোতাদের মতামত বাংলাদেশ বেতার সর্বদা আহ্বান করে থাকে। এ ছাড়া শ্রোতারা কোন বিষয় সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট কেন্দ্রের আঞ্চলিক পরিচালক/পরিচালক অথবা সংশ্লিষ্ট অনুষ্ঠানের প্রযোজক বরাবর পত্র প্রেরণ করতে হয়। পত্রের উত্তর ২ সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্র থেকে প্রচারিত চিঠিপত্রের জবাব অনুষ্ঠানে দেয়া হয়। একটি বিষয়ে একাধিক পত্র থাকলে শুধুমাত্র প্রাপ্তি স্বীকার করা হয়।

- বছরে ২ (দুই) বার কণ্ঠস্বর পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়।
- তালিকাভুক্ত শিল্পীদেরকে নির্ধারিত শিল্পী-সম্মানী কাঠামো অনুযায়ী অনুষ্ঠানের জন্য চুক্তিবদ্ধ করে সম্মানী প্রদান করা হয়।

(৪) **গীতিকার :**

- নিজের লেখা ২৫টি গানের পাণ্ডুলিপিসহ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবর আবেদন করতে হয়।
- আবেদন করার ৬ মাসের মধ্যে নির্ধারিত বোর্ড কর্তৃক যোগ্যতা বিচার করে গীতিকার নির্বাচন করা হয় এবং নির্বাচিত গীতিকারকে সাথে সাথে পত্র দিয়ে জানানো হয়।
- গান প্রচারের সংখ্যা অনুযায়ী গীতিকার নির্ধারিত হারে রয়েলটি প্রাপ্য হন।
- যে কোন কেন্দ্রে তালিকাভুক্ত গীতিকারের গান সকল কেন্দ্র থেকে প্রচার করা হয়।
- বেতারের তালিকাভুক্ত গীতিকার ছাড়া অন্য কারও গান বেতারে প্রচার করা হয় না।

(৫) **সুরকার ও বাদ্যযন্ত্রী :**

- আবেদনকারীর গানের সুর, তাল ও লয় সম্পর্কে দক্ষতা থাকতে হয়,
- সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবর সাদা কাগজে আবেদন করতে হয়। আবেদন পত্রের সাথে কোন ফি/টাকা জমা দিতে হয় না। তবে আবেদনের সাথে নাগরিকত্ব সনদপত্র, ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (যদি থাকে) জমা দিতে হয়,
- আবেদন করার সর্বোচ্চ ৬ মাসের মধ্যে নির্ধারিত বোর্ড কর্তৃক পরীক্ষা গ্রহণ করে যোগ্য প্রার্থী নির্বাচন করা হয় এবং তাঁদেরকে তালিকাভুক্ত করা হয়।
- সুরকারদের অডিশনের সময় তাৎক্ষণিকভাবে নতুন গানের সুরারোপ করতে হয়,
- তালিকাভুক্ত সুরকারগণকে নির্ধারিত শিল্পী-সম্মানী কাঠামো অনুযায়ী সুর ও সংগীত পরিচালনার জন্য সম্মানী প্রদান করা হয়।

(ঝ) **বিনোদন :**

শিল্পীদের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ বেতার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে প্রতিভাবান শিল্পীদেরকে বাছাই করে তাদেরকে নিয়মিত বেতার অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ করে দিয়ে তাদের প্রতিভা বিকাশে ভূমিকা রাখে। এছাড়াও বিভিন্ন ম্যাগাজিন অনুষ্ঠান, টকশো, ফোন-ইন-প্রোগ্রাম ও বহিরাঙ্গন-এর মাধ্যমে সাধারণ শ্রোতাদের তথ্য ও বিনোদনের ব্যবস্থা করা হয়। এ ছাড়া সৈনিক ভাইদের জন্য অনুষ্ঠান দুর্বার প্রচার করা হয়।

৯। বাংলাদেশ বেতার বিনামূল্যে যে সকল সেবা প্রদান করে :

(ক) **নিখোঁজ ব্যক্তি সম্পর্কে হারানো বিজ্ঞপ্তি প্রচারে করণীয় :**

অসাবধানতা বশতঃ অনেকের প্রিয় সন্তান, শিশু-কিশোররা হারিয়ে গেলে সেক্ষেত্রে প্রথমে সংশ্লিষ্ট থানায় ডায়েরী করতে হয়। ডায়েরীর কপিসহ বেতারের নির্ধারিত ফরমে আবেদন করলে আবেদনপত্র প্রাপ্তির এক কর্মদিবসের মধ্যে বিনামূল্যে নিখোঁজ সংবাদ প্রচার করা হয়। সম্ভব না হলে দুই কর্মদিবসের মধ্যে অবশ্যই প্রচার করা হয়। নির্ধারিত ফরম বিনামূল্যে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র থেকে বা বাংলাদেশ বেতারের ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যায়। এছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রাপ্ত নারী, পুরুষ ও শিশু-কিশোর নিখোঁজ ব্যক্তিদের সংবাদও বাংলাদেশ বেতার প্রচার করে থাকে।

(খ) **মুমূর্ষু রোগীদের জীবন বাঁচাতে রক্তদানের বিজ্ঞপ্তি প্রচারে করণীয় :**

সংশ্লিষ্ট রোগীর রক্ত সঞ্চালনের জন্য চিকিৎসা প্রতিষ্ঠান/হাসপাতাল/ বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত চাহিদাপত্রের কপিসহ বাংলাদেশ বেতারের যে কোন কেন্দ্রে রোগীর পক্ষ থেকে তার প্রতিনিধি সাদা কাগজে আবেদন করলে যথাসম্ভব শিঘ্র বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা নেয়া হয়।

(গ) **জনস্বার্থ সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি :**

পাবলিক সার্ভিস কমিশন প্রদত্ত নিয়োগ বিজ্ঞপ্তি, আই এস পি আর কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রকার জনগুরুত্বসম্পন্ন বিজ্ঞপ্তি, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, যানবাহনের সময়-সূচী, বিভিন্ন শহরের উল্লেখযোগ্য অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র/ইউনিটের আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবরে বিজ্ঞপ্তি প্রেরণ করলে যথাসম্ভব শিঘ্র তা প্রচারের ব্যবস্থা নেয়া হয়।

(ঘ) তালিকাভুক্ত শিল্পী হওয়ার জন্য করণীয় :

দেশের শহর, গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলে অনেক সুপ্ত প্রতিভাবান শিল্পী রয়েছেন, বাংলাদেশ বেতার এসব প্রতিভাবান শিল্পীদের প্রতিভা বিকাশের সুযোগ করে দিতে প্রতিটি কেন্দ্র বছরে দু'বার কণ্ঠস্বর পরীক্ষার আয়োজন করে থাকে। এ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার মাধ্যমে বেতারের তালিকাভুক্ত শিল্পী হওয়া যায়। তালিকাভুক্ত শিল্পীগণকে শ্রেণী অনুযায়ী বেতারের নির্ধারিত শিল্পী-সম্মানী কাঠামো অনুসারে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য চুক্তিবদ্ধ করা হয় এবং সম্মানী প্রদান করা হয়। প্রত্যন্ত অঞ্চলের তালিকাভুক্ত শিল্পীদেরকে সংশ্লিষ্ট কেন্দ্রে বেতার অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য যাতায়াত ভাতা প্রদান করা হয়। কণ্ঠস্বর পরীক্ষার মাধ্যমে সাধারণতঃ গ-শ্রেণীতে তালিকাভুক্ত শিল্পী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। তালিকাভুক্ত শিল্পী হতে হলে করণীয় নিম্নে উপস্থাপন করা হলো :

১) **সংগীত শিল্পী :**

- রবীন্দ্র ও নজরুল সংগীতের ক্ষেত্রে বেতার নির্ধারিত ১৫টি গান এবং শিল্পীর জানা ১৫টি গানের তালিকা প্রদান করতে হয়। এছাড়া দেশের গান ও আধুনিক গান ও পল্লী গানের ক্ষেত্রে শিল্পীর জানা ৩০টি গানের তালিকা আবেদন পত্রের সাথে যুক্ত করতে হয়,
- সংশ্লিষ্ট কেন্দ্রের আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবর সাদা কাগজে আবেদন করতে হয়। আবেদনপত্রের সাথে কোন ফি/টাকা জমা দিতে হয় না। তবে আবেদনের সাথে নাগরিকত্ব সনদপত্র, ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (যদি থাকে) জমা দিতে হয়,
- আবেদনপত্রে উল্লিখিত ঠিকানায় পত্র প্রেরণ করে কণ্ঠস্বর পরীক্ষার জন্য শিল্পীকে আমন্ত্রণ জানানো হয়,
- শিশুশিল্পীর ক্ষেত্রে উপানুচ্ছেদ (১)-এ বর্ণিত গানের তালিকা প্রদানের প্রয়োজন নেই।
- তালিকাভুক্ত শিল্পীদেরকে নির্ধারিত শিল্পী-সম্মানী কাঠামো অনুযায়ী অনুষ্ঠানের জন্য চুক্তিবদ্ধ করে সম্মানী প্রদান করা হয়।

(২) **নাট্যশিল্পী ও ঘোষক/ঘোষিকা :**

- আবেদনকারীকে কমপক্ষে এইচ এস সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শুদ্ধ উচ্চারণ ও সুকণ্ঠের অধিকারী/অধিকারিণী হতে হয়,
- সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/পরিচালক বরাবর সাদা কাগজে আবেদন করতে হয়। আবেদনপত্রের সাথে কোন ফি/টাকা জমা দিতে হয় না। তবে আবেদনের সাথে নাগরিকত্ব সনদপত্র, ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র জমা দিতে হয়,
- আবেদনপত্রে উল্লিখিত ঠিকানায় পত্র প্রেরণ করে কণ্ঠস্বর পরীক্ষার জন্য শিল্পীকে আমন্ত্রণ জানানো হয়,
- শিশু-কিশোরদের অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অভিভাবকদের সম্মতিক্রমে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সুপারিশক্রমে শিশু-কিশোর শিল্পীরা আবেদন করতে পারে,
- বছরে ২ (দুই) বার কণ্ঠস্বর পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হয়।
- তালিকাভুক্ত শিল্পীদেরকে নির্ধারিত শিল্পী-সম্মানী কাঠামো অনুযায়ী অনুষ্ঠানের জন্য চুক্তিবদ্ধ করে সম্মানী প্রদান করা হয়।

(৩) **সংবাদ পাঠক/পাঠিকা :**

- আবেদনকারী/আবেদনকারিণীকে কমপক্ষে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাস হতে হয়। আবেদনপত্রের সাথে কোন ফি/টাকা জমা দিতে হয় না। তবে আবেদনের সাথে নাগরিকত্ব সনদপত্র, ২ কপি পাসপোর্ট আকারের ছবি এবং শিক্ষাগত যোগ্যতা সনদপত্র (যদি থাকে) জমা দিতে হয়,
- আবেদনকারী/আবেদনকারিণীকে শুদ্ধ উচ্চারণ ও সুকণ্ঠের অধিকারী/অধিকারিণী হতে হয়,
- সংশ্লিষ্ট আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ পরিচালক, বার্তা বরাবর সাদা কাগজে আবেদন করতে হয়,
- আবেদনপত্রের ঠিকানা অনুযায়ী পত্র প্রেরণ করে কণ্ঠস্বর পরীক্ষার জন্য ৬ মাসের মধ্যে শিল্পীকে আমন্ত্রণ জানানো হয় এবং নির্বাচিত হওয়ার সাথে সাথে সংবাদ পাঠক/পাঠিকাদের জানিয়ে দেয়া হয়,